

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০


বিজ্ঞপ্তি

তারিখ : ০৬.০১.২০১৯ খ্রি.

বিষয় : একটি বাড়ি একটি খামার প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তর প্রসঙ্গে।

একটি বাড়ি একটি খামার প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তর কার্যক্রম পল্লী সঞ্চয় ব্যাংক আইন-২০১৪, পল্লী সঞ্চয় ব্যাংক (সংশোধন) আইন-২০১৬ এবং পল্লী সঞ্চয় ব্যাংক ও একটি বাড়ি একটি খামার প্রকল্পের মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক মোতাবেক চলমান রয়েছে। কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রদত্ত লক্ষ্যমাত্রা অর্জন ও চাকুরীর সন্তোষজনক রেকর্ড বিবেচনায় ইতোমধ্যে ৩০ জুন, ২০১৬ তারিখ পর্যন্ত নিয়োগপ্রাপ্ত ৭৬.৮৬% মাঠ সহকারী, ৯৭.৬৩% কম্পিউটার অপারেটর কাম হিসাব সহকারী, ৮০% ফিল্ড সুপারভাইজার ও ৮৪.৩৪% উপজেলা সমন্বয়কারীর পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তর সম্পন্ন হয়েছে। উক্ত সময়ে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ৩১ মার্চ, ২০১৯ খ্রি. তারিখের অর্জন বিবেচনায় এপ্রিল, ২০১৯ খ্রি. মাসে অবশিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের ব্যাংকে স্থানান্তরের বিষয় বিবেচনা করা হবে। লক্ষ্যমাত্রা অর্জন ব্যতীত পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তরের অবকাশ নেই।

এমতাবস্থায়, নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জোর প্রচেষ্টা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় পরামর্শ প্রদান করা হল।


(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
একটি বাড়ি একটি খামার প্রকল্প
ও ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক
ফোন-০২-৯৩৫৯০৮৩, ফ্যাক্স-০২-৯৩৪৮২০৬
headoffice@ebek-rdcd.gov.bd

কর্মকর্তা/কর্মচারী (সকল)
একটি বাড়ি একটি খামার প্রকল্প

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার -----বিভাগ।
৩. জেলা প্রশাসক -----।
৪. উপজেলা নির্বাহী অফিসার, ----- উপজেলা।
৫. উপপরিচালক, বিআরডিবি -----জেলা।
৬. জেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প,-----জেলা।
৭. উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপক, একটি বাড়ি একটি খামার প্রকল্প/পল্লী সঞ্চয় ব্যাংক-----উপজেলা।